

## শুদ্ধ ভাষার পাঠশালা

### আলোচনা অনুষ্ঠানে উপস্থাপনার পদ্ধতি

**ক.** অনুষ্ঠানের শুরুতে জানিয়ে দিতে হবে অনুষ্ঠানে অতিথি হিসেবে কারা কারা উপস্থিত থাকবেন। সেক্ষেত্রে তাদের নাম পদের ক্রম অনুযায়ী ঘোষণা করতে হবে।

অর্থাৎ প্রধান অতিথির নাম আগে ঘোষণা করতে হবে। বিশেষ অতিথি যদি ৩/৪ জন থাকেন সেক্ষেত্রে তাদের নাম পদের ক্রম অনুযায়ী ঘোষণা করতে হবে অর্থাৎ যিনি পদ অনুযায়ী সিনিয়র বা বয়োজ্যেষ্ঠ তার নাম আগে ঘোষণা করতে হবে। এভাবে পদের ক্রম অনুযায়ী যিনি সর্বকনিষ্ঠ তার নাম ঘোষণা করতে হবে।

সম্মানিত সুধীবন্দ, আমরা দেখতে পাচ্ছি, আজকের অনুষ্ঠানের সম্মানিত প্রধান অতিথি এই মুহূর্তে অনুষ্ঠানস্থলে এসে উপস্থিত হয়েছে। আসুন ..... মধ্য দিয়ে তাকে স্বাগত জানাই।

সুধীবন্দ, আমরা দেখতে পাচ্ছি আমাদের আজকের অনুষ্ঠানের সম্মানিত বিশেষ অতিথি এই মুহূর্তে অনুষ্ঠানস্থলে এসে উপস্থিত হয়েছে। আসুন ..... মধ্য দিয়ে তাকে স্বাগত জানাই।

**খ.** যারা আলোচনায় অংশ নেবেন সেইসব অতিথিদের যদি মঞ্চে রক্ষিত আসনে বসার জন্য আমন্ত্রণ জানানো হয় তখন পদের ক্রম অনুযায়ী তাদের আমন্ত্রণ জানাতে হবে।

সেক্ষেত্রে প্রধান অতিথির নাম সবার আগে থাকবে, তারপর বিশেষ অতিথি যদি কয়েকজন থাকে সেক্ষেত্রে যিনি পদ অনুযায়ী বয়োজ্যেষ্ঠ তার নাম আগে ঘোষণা করতে হবে। এভাবে পদের ক্রম অনুযায়ী তাদের নাম উপস্থাপক ঘোষণা করবেন।

সম্মানিত সুধীবন্দ, আমি শুরুতে আমাদের আজকের অনুষ্ঠানের সভাপতি জনাব ..... ও সাধারণ সম্পাদক জনাব ..... কে বিনীতভাবে অনুরোধ করছি আজকের অনুষ্ঠানের সম্মানিত প্রধান অতিথি জনাব ..... ও বিশেষ অতিথি জনাব .....কে সাথে নিয়ে মঞ্চে উঠে আসার জন্য।

**গ.** ফুল দিয়ে অতিথিদের শুভেচ্ছা জানানোর বিষয় থাকলে অতিথিরা যখন মঞ্চে বসবেন এরপরই শুরু করা যেতে পারে। সেক্ষেত্রে প্রধান অতিথিকে আগে ফুল দিয়ে বরণ করতে হবে। এরপর পদের ক্রম অনুযায়ী বাকীদের ফুল দিয়ে বরণ করতে হবে।

কারা কারা ফুল দিয়ে বরণ করবেন তাদের আগে থেকে প্রস্তুত করে রাখতে হবে। কে কাকে ফুল দিয়ে বরণ করবেন তার নামও জেনে নিতে হবে।

সম্মানিত সুধীবন্দ, এবারে আমাদের অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেয়ার পালা ..... শুরুতেই আমাদের আজকের অনুষ্ঠানের সম্মানিত প্রধান অতিথি জনাব ..... কে ফুল দিয়ে বরণ করে নেবেন কলেজের দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থী।

আসুন আমরা প্রধান অতিথিকে করতালির মাধ্যমে শুভেচ্ছা জানাই।

## শুদ্ধ ভাষার পাঠশালা

## শুদ্ধ ভাষার পাঠশালা

### আলোচনা অনুষ্ঠানে উপস্থাপনার পদ্ধতি

ঘ. যারা আলোচনা করবেন বা বক্তব্য রাখবেন সে আলোচকদের সবার নাম ও পদবি সঠিকভাবে জেনে নিতে হবে।

কোন আলোচককে আগে ডাকতে হবে, কাকে পরে ডাকতে হবে বক্তব্য দেয়ার জন্য এটা ভালোভাবে জেনে নিতে হবে। এর জন্য পদের ক্রম মেনে চলতে হবে।

বক্তব্য দেয়ার ক্ষেত্রে পদ অনুযায়ী যিনি সর্বকনিষ্ঠ তাকে আগে বক্তব্য দিতে হবে। প্রধান অতিথি সবার শেষে বক্তব্য দেবেন।

সভাপতি কখন বক্তব্য দেবেন তা জেনে নিতে হবে এবং সাধারণ সম্পাদক কখন বক্তব্য দেবেন তা জেনে নিতে হবে।

ঙ. যিনি বক্তব্য দিতে যাবেন তার আগে সেই আলোচককে জানাতে হবে যে অমুক অতিথির বক্তব্যের পর আমি আপনাকে বক্তব্য দিতে আমন্ত্রণ জানাব।

বক্তব্য দেয়ার আমন্ত্রণ যেভাবে জানাতে হবে-

- সম্মানিত সুধীবৃন্দ, আজকের অনুষ্ঠানে শুরুতেই বক্তব্য রাখবেন আমাদের অনুষ্ঠানের বিশেষ অতিথি জনাব .....।
  - সম্মানিত সুধীমন্ডলী, আমাদের আজকের অনুষ্ঠানের সম্মানিত প্রধান অতিথিকে তার মূল্যবান বক্তব্য দেয়ার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।
  - এবার বক্তব্য রাখতে যাচ্ছেন আমাদের অনুষ্ঠানের সম্মানিত প্রধান অতিথি জনাব .....।
- বক্তব্য দেয়ার পর অতিথিকে ধন্যবাদ জানাবেন।  
ধন্যবাদ বিশেষ অতিথি জনাব ..... আপনার সুন্দর বক্তব্যের জন্য।

চ. কোনো বক্তাকে যদি কোনো বিশেষ বিষয়ে আলোচনা করতে বা বক্তব্য রাখতে বলা হয় তবে সেটা আগেই বক্তাকে জানিয়ে দিতে হবে।

উপস্থাপক আগে থেকেই এই বিষয়ে জানিয়ে রাখবেন এবং উপস্থাপক তার উপস্থাপনায় বিষয়টি এভাবে বলতে পারেন :

এবারে বক্তব্য দিতে আসবেন আজকের অনুষ্ঠানের বিশেষ অতিথি বাংলাদেশ ব্যাংকের উপ-পরিচালক জনাব সাইফুর রহমান। তিনি বর্তমানে বাংলাদেশের মূল্যস্ফীতি নিয়ে আলোকপাত করবেন।

## শুদ্ধ ভাষার পাঠশালা

## শুদ্ধ ভাষার পাঠশালা

### আলোচনা অনুষ্ঠানে উপস্থাপনার পদ্ধতি

- ছ. উপস্থাপক এভাবে প্রত্যেক অতিথির বক্তব্যের আগে অতিথি কী নিয়ে কথা বলবেন তা অল্প কথায় বলতে পারেন।
- জ. উপস্থাপক অতিরিক্ত কথা বলবেন না বা বক্তা কী বলবেন তা নিয়ে বেশি তথ্য দিতে তা নিয়ে বেশি তথ্য দিতে যাবেন না। বক্তাদিতে যাবেন না। বক্তা বক্তব্য শেষ করার পর উপস্থাপক সেইসব বক্তব্য বিশ্লেষণ করতে যাবেন।
- ঝ. অনুষ্ঠানের মেজাজ বুঝে উপস্থাপক কথা বলবেন। শোকসভা হলে নিম্নস্বরে কথা বলবেন তিনি যেন শোকসভার গাম্ভীর্য বজায় রাখতে পারেন।

## মুফ্তি মাহফুজুর রহমান কবির

প্রতিষ্ঠাতা ও পরিচালক

শুদ্ধ ভাষার পাঠশালা

Facebook : mahfuzur Rahman Kabir

ফেসবুক পেইজ : শুদ্ধ ভাষার পাঠশালা - Pure Language Classroom

মোবাইল : ০১৭৫৪-০৮৪০৯৮

## শুদ্ধ ভাষার পাঠশালা

বিশুদ্ধ বাংলা উচ্চারণ, উপস্থাপনা, বক্তৃতা ও আবৃত্তি প্রশিক্ষণমূলক প্রতিষ্ঠান